

সমকাল

ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি
এন্ট্রাপ্রেনিউরশিপ

১২ ঘণ্টা আগে

ফারজানা আক্তার



ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে বাংলাদেশে প্রথমবারের মতো ডিপার্টমেন্ট অব এন্ট্রাপ্রেনিউরশিপ চালু হয়েছে। চার বছর মেয়াদি এ প্রোগ্রামটি ইউজিসি কর্তৃক অনুমোদনপ্রাপ্ত। নিজের পায়ে দাঁড়াতে সাহায্য করার লক্ষ্য নিয়ে, বেকার না থেকে স্বাবলম্বী করে গড়ে তোলার উদ্দেশ্যে এবং প্রতিযোগিতামূলক পরিবেশে একজন তরুণ-তরুণী স্বীয় মেধা-মনন ও শ্রম দিয়ে তার অস্তিত্বকে কেবল সুসংহত করবেন না, বরং সামাজিক ও রাষ্ট্রীয় কল্যাণে দৃঢ়তা ও ন্যায়-নিষ্ঠার সঙ্গে উদ্যোক্তা হিসেবে যাতে গড়ে উঠতে পারেন সে জন্যই এ প্রোগ্রামটি চালু করা হয়েছে। এ দেশের যুবসমাজের রয়েছে অমিত শক্তি। বাংলাদেশ এগিয়ে যাচ্ছে সামনের দিকে; আর্থ-সামাজিক ক্ষেত্রে উন্নয়ন ঘটছে।

এ সিলেবাসে তত্ত্ব এবং বাস্তবসম্মত ব্যবসা-বাণিজ্যিক ও আর্থিক প্রতিষ্ঠানসহ সব ধরনের শিক্ষা-প্রশিক্ষণ ও বাস্তবতার মিশেল দেওয়া হয়েছে। বস্তুত উদ্যোক্তা হওয়ার জন্য যেসব বৈশিষ্ট্যের প্রয়োজন সেগুলোর স্বতঃস্ফূর্তভাবে স্ফূরণ ঘটানো, উদ্ভাবনী শক্তির বিকাশ, দীর্ঘমেয়াদে পরিবর্তনশীলতার সঙ্গে প্রতিযোগিতা করে স্থায়ী অস্তিত্বকে টিকিয়ে রাখার পাশাপাশি সলফপ্রসারণ করা এবং সামাজিক দায়বদ্ধতাকে পূরণ করার মাধ্যমে ব্যবসা-বাণিজ্য ও উৎপাদন ব্যবস্থায় আধুনিকতা প্রয়োগ, লাগসই প্রযুক্তির ব্যবহার সম্পর্কে স্বচ্ছ ধারণা এবং প্রায়োগিক কলা-কৌশলের দিকনির্দর্শন করে বাস্তবায়নের ব্যবস্থা করাই হচ্ছে এ প্রোগ্রামের মুখ্য ভূমিকা। এ পাঠ্যক্রম পরিচালনার জন্য দেশি-বিদেশি শিক্ষকদের একটি প্যানেল কাজ করেছে। পাশাপাশি দেশি-বিদেশি উদ্যোক্তারাও এ পাঠ্যক্রমের সঙ্গে জড়িত। দেশি উদ্যোক্তাদের মধ্যে রয়েছেন ড্যাফোডিল গ্রুপের চেয়ারম্যান সবুর খানসহ অনেকেই। এ পাঠ্যক্রমটি পরিচালনার জন্য ক্যাম্পাসে ইনকিউবেটর স্থাপন করা হয়েছে। ইতিমধ্যে বাংলাদেশ ভেঞ্চার ক্যাপিটাল লিমিটেড, ড্যাফোডিল স্টার্ট আপ মার্কেট যেখানে উদ্ভাবনী শক্তির বিকাশ ঘটাবে সেটি স্থাপন করা হয়েছে হাতে-কলমে শিক্ষার জন্য। আবার আইএমএসএমই ফাউন্ডেশন ইন বাংলাদেশের সদস্য-সদস্য যারা ইতিমধ্যে প্রতিষ্ঠিত উদ্যোক্তাদের সঙ্গে শিক্ষানবিশি উদ্যোক্তাদের সাহচর্য পাবেন, যা তাদের ভবিষ্যৎ জীবনকে সাফল্যের দিকে এগিয়ে নিতে সাহায্য করবে। বিদেশে শিক্ষা সফরের ব্যবস্থা পাঠ্যক্রমের আওতায় রয়েছে। এ ক্ষেত্রে সামাজিক পুঁজি ও নেটওয়ার্কিংয়ের বিশেষ সুযোগ সঞ্চারিত হবে। দেশে লিঙ্গ বৈষম্য দূরীকরণে এ প্রোগ্রাম সহায়তা করবে। বস্তুত দেশের কল্যাণের কথা বিবেচনায় নিয়ে এবং সামাজিক দায়বদ্ধতার জন্য উচ্চশিক্ষার ক্ষেত্রে একটি স্টেপিং স্টোন স্থাপনের মাধ্যমে মাইলফলক সৃষ্টি করতে ইউনিভার্সিটির এ প্রয়াস।

যোগাযোগ : ৪/২, সোবহানবাগ, মিরপুর রোড, ধানমণ্ডি, ঢাকা।

ফোন: ৯১২৮৭০৫, ৯১৩২৬৩৪।

© সমকাল 2005 - 2018

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,

বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com